

## অনলাইন কোর্সে অংশগ্রহণের নিয়মাবলী

### প্রশিক্ষণে অংশগ্রহণ করার শর্তাবলি

এই কোর্সে অংশগ্রহণকারী সকলকে অবশ্যই সরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হতে হবে।

### মূল্যায়ন পদ্ধতি

প্রথম অধিবেশন ব্যতিত প্রতিটি অধিবেশনের শেষে প্রশিক্ষণার্থীকে একটি মূল্যায়ন প্রক্রিয়ায় (Quiz) অংশ নিতে হবে।

প্রথম অধিবেশন ও দ্বিতীয় অধিবেশন দেখার পর অধিবেশন ২: কুইজ প্রশ্নমালা দেখতে পারবেন অন্যথায় কুইজ প্রশ্নমালা দেখতে পারবেন না। ঠিক এমনিভাবে পরবর্তিতে অধিবেশন ২: কুইজ প্রশ্নমালায় অংশগ্রহণ ও অধিবেশন- ৩ সম্পূর্ণরূপে না দেখলে আপনি পরবর্তি অধিবেশন ৩: কুইজ প্রশ্নমালায় অংশগ্রহণ করতে পারবেন না।

দ্বিতীয় অধিবেশন থেকে প্রতিটি অধিবেশন ডকুমেন্টের ঠিক নিচেই অধিবেশন : কুইজ প্রশ্নমালা নামে একটি লিংক রয়েছে। এই লিংকে ক্লিক করে কুইজে অংশ নিতে হবে। লিংকটিতে ক্লিক করার পর আপনি কুইজ পাতায় প্রবেশ করবেন, সেখানে Attempt quiz now বাটনে ক্লিক করলে আপনি উক্ত কুইজের সকল প্রশ্ন পাবেন। কুইজে প্রদত্ত প্রশ্ন থেকে উত্তর নির্বাচন করে Finish attempt বাটনে ক্লিক করবেন।

পরবর্তিতে Summary of attempt থেকে আপনার দেওয়া সকল প্রশ্নের Status দেখাবে, প্রশ্নের উত্তর দেওয়া হলে Status-এ Answer saved এবং প্রশ্নের উত্তর না দেওয়া হলে Status-এ Not yet answered দেখাবে।

আপনি চাইলে Return to attempt বাটনে ক্লিক করে পুনরায় প্রশ্নের উত্তর দিতে পারবেন।

পরবর্তিতে Summary of attempt থেকে Submit all and finish বাটনে ক্লিক করলে Confirmation ডায়ালগ বক্স থেকে Submit all and finish বাটনে ক্লিক করলে আপনি আপনার পরীক্ষার ফলাফল এবং প্রতিটি প্রশ্নের সঠিক ও ভুল উত্তর দেখতে পাবেন।

সব কাটি অধিবেশনে অংশগ্রহণ শেষে পরীক্ষায় উত্তীর্ণ হলে আপনি প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করার স্বীকৃতিস্বরূপ তথ্য কমিশন থেকে ইস্যুকৃত একটি সনদপত্র পাবেন। সনদপত্রটি পেতে আপনাকে অবশ্যই দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত পত্রটি সাবমিট করতে হবে। তারপর উক্ত সনদপত্রটি Discussion Forum এর ঠিক উপরে RTI Online Certificate নামে দেখতে পারবেন। সনদপত্রটি আপনি ডাউনলোড করে প্রিন্ট দিয়ে নিতে পারবেন। মনে রাখবেন, পরীক্ষায় উত্তীর্ণ হতে ৬০ ভাগের অধিক নম্বর পেতে হবে।

সনদপত্রটি আপনার ই-মেইলে ও চলে যাবে।

### কোর্সের সময়সীমা

আপনার রেজিস্ট্রেশনের দিন থেকে মোট ১৫ দিনের মধ্যে কোর্সটি সম্পন্ন করতে হবে। অন্যথায় পুনরায় লগইন করে প্রথম থেকে শুরু করতে হবে।

### প্রশিক্ষকদের সাথে যোগাযোগ

প্রশিক্ষণ চলাকালীন অথবা প্রশিক্ষণ পরবর্তী যে কোন সময়ে প্রশিক্ষণার্থীদের মনে আইনটি সম্পর্কে কোন প্রশ্ন দেখা দিলে সেটি অনলাইনে প্রবেশ করে Discussion Forum- এ গিয়ে কোর্স ফোরামের মাধ্যমে জানতে চাইতে পারবেন। তথ্য কমিশনের প্রশিক্ষক প্যানেল পর্যায়ক্রমে সকল প্রশ্নের উত্তর প্রদান করবেন।

### সাধারণ প্রশ্ন ও উত্তরসমূহ

প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণের মনে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ক যেকোনো প্রশ্ন জাগতে পারে। এ ধরনের কিছু সাধারণ প্রশ্ন ও তার উত্তর প্রশিক্ষণ কোর্সের পরিশিষ্ট অংশে পরিশিষ্ট-২ সাধারণ প্রশ্ন ও উত্তরসমূহ নামে সংযুক্ত আছে। আপনার মনে কোনো প্রশ্ন তৈরি হলে দেখে নিন উত্তরটি সেখানে আছে কি না।